যোগাযোগ বিজ্ঞপ্তি
ডাইরী নম্বরঃ ৩৮৭৬
তারিখঃ ০৩/০৯/২৩

AAIRO
3.9.23

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯
শৃঙ্খলা ও তদন্ত শাখা
www.caab.gov.bd

নম্বর: ৩০.৩১.০০০০.২২১.৬৬.০০৯.১৭.২২১৬

তারিখ: ১৬ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ
৩১ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ

## অফিস আদেশ

জনাব মোঃ সাহিদ আলম, হিসাবরক্ষক, ই/এম বিভাগ-৩, ঢাকায় কর্মরত থাকাবস্থায় গাজী মোঃ আল-আমিনের প্রাক্তন স্ত্রী মারুফা আক্তার পান্না'র সাথে প্রেমের সম্পর্ক গড়ে তোলেন এবং ফলশ্রুতিতে জনাব গাজী মোঃ আল-আমিন ও মারুফা আক্তার পান্না'র সংসার ভেঙে যায় মর্মে তাঁর বিরুদ্ধে অভিযোগ দাখিল করা হয়। উত্থাপিত অভিযোগ বিষয়ে তদন্তের সিদ্ধান্ত হলে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। অভিযোগসমূহ তদন্তের জন্য অভিযুক্ত, অভিযোগকারী ও কাওলার বসবাসকারী কয়েকজন ব্যক্তির বক্তব্য শ্রবণ ও পারিপার্শ্বিকতা বিবেচনায় অভিযোগের প্রাথমিক সত্যতা প্রতীয়মান হয়। এ ধরনের অনৈতিক কর্মকাণ্ডের ফলে কর্তৃপক্ষের ভাবমূর্তি ক্ষুণ্ন হয়েছে। বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের প্রবিধানমালা অনুযায়ী এ ধরনের আচারণ "অসদাচরণ" হিসেবে গণ্য।

২.০ বর্ণিত অভিযোগে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ-এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৫৫(১) প্রবিধি মোতাবেক জনাব মোঃ সাহিদ আলম, হিসাবরক্ষক-কে 'সাময়িকভাবে বরখাস্ত' করা হলো। সাময়িক বরখাস্তকালীন সময় তিনি বিধি মোতাবেক খোরাকি ভাতা প্রাপ্য হবেন এবং প্রতিদিন অফিস সময়ে বরিশাল বিমানবন্দরে উপস্থিত থাকবেন।

৩.০ এ আদেশ জারির তারিখ হতে কার্যকর হবে।

৩১-০৮-২০২৩
মোঃ মাহবুব আলম তালুকদার
সদস্য (প্রশাসন) (অতিরিক্ত সচিব)
+৮৮০ ২ ৪১০৯১০০৫ (ফোন)
... (ফ্যাক্স)
madmin@caab.gov.bd

নম্বর: ৩০.৩১.০০০০.২২১.৬৬.০০৯.১৭.২২১৬/১ (১০)

তারিখ: ১৬ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ
৩১ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সদস্য (অর্থ), সদস্য (অর্থ) এর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ;
২। পরিচালক (প্রশাসন), পরিচালক (প্রশাসন) এর দপ্তর, প্রশাসন বিভাগ, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ;
৩। পরিচালক (অর্থ), পরিচালক (অর্থ) এর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ;
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সিভিল), পিডিকিউ এন্ড কিউএস সার্কেল, প্রধান প্রকৌশলীর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ;
৫। পরিচালক (সিএনএস) (চলতি দায়িত্ব ), পরিচালক(সিএনএস) এর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (সিএএবি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৬। পিএস টু চেয়ারম্যান, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ;

৭। বিমানবন্দর ব্যবস্থাপক, বরিশাল বিমানবন্দর, বরিশাল;

৮। প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন ইউনিট-২, সদর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ;

৯। জনাব মোঃ সাহিদ আলম, হিসাবরক্ষক, পদায়ন: পিডিকিউএস এন্ড কিউএস সার্কেল, ঢাকা। সংযুক্তি: বিমানবন্দর ব্যবস্থাপকের দপ্তর, বরিশাল বিমানবন্দর, বরিশাল। এবং

১০। উচ্চমান সহকারী, প্রশাসন ইউনিট-২, সদর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।

৩১-০৮-২০২৩
মোঃ মাহবুব আলম তালুকদার
সদস্য (প্রশাসন) (অতিরিক্ত সচিব)

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯
শৃঙ্খলা ও তদন্ত শাখা
www.caab.gov.bd

Mujib's

তারিখ: ১৬ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ
৩১ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৩০.৩১.০০০০.২২১.৬৬.০০৯.১৭.২২১৭

বিষয়: জনাব মোঃ সাহিদ আলম, হিসাবরক্ষক-এর বিরুদ্ধে বিভাগীয় মামলা (মামলা নং-১৩/২০২৩) রুজুকরণ।

অভিযোগনামা

যেহেতু, আপনি জনাব মোঃ সাহিদ আলম, হিসাবরক্ষক, ই/এস বিভাগ-৩, ঢাকায় কর্মরত থাকাবস্থায় গাজী মোঃ আল-আমিনের প্রাক্তন স্ত্রী মারুফা আক্তার পান্না'র সাথে প্রেমের সম্পর্ক গড়ে তোলেন এবং ফলশ্রুতিতে জনাব গাজী মোঃ আল-আমিন ও মারুফা আক্তার পান্না'র সংসার ভেঙ্গে যায় মর্মে একটি অভিযোগ পাওয়া যায়;

২.০ যেহেতু, আপনার বিরুদ্ধে উত্থাপিত অভিযোগের বিষয়টি তদন্তের সিদ্ধান্ত হলে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

৩.০ যেহেতু, অভিযোগসমূহ তদন্তের জন্য অভিযুক্ত, অভিযোগকারী ও কাওলার বসবাসকারী কয়েকজন ব্যক্তির সাক্ষাতকার গ্রহণ করা হয়;

৪.০ যেহেতু, বিভিন্ন স্বাক্ষ্যপ্রমাণ, অভিযোগকারী ও অভিযুক্তের কলরেকর্ড এবং সংশ্লিষ্ট প্রমাণাদি পর্যালোচনা করে তদন্ত কর্মকর্তার নিকট প্রতীয়মান হয় যে, জনাব মোঃ আল-আমিন এর স্ত্রী (প্রাক্তন) মারুফা আক্তার পান্না এর সহিত আপনার প্রেমের ঘটনাটির সত্যতা পাওয়া যায়;

৫.০ যেহেতু, আপনার সাক্ষাতকার, কলরেকর্ড ও স্বাক্ষীগণের বক্তব্যের প্রেক্ষিতে আপনার সহিত গাজী মোঃ আল-আমিন এর প্রাক্তন স্ত্রী মারুফা আক্তার পান্না'র প্রেমের বিষয়টি সত্য বলে তদন্তকারী কর্মকর্তা চুড়ান্ত মতামত প্রদান করেন;

৬.০ যেহেতু, আপনার এ ধরণের অনৈতিক কর্মকান্ডের সাথে সম্পৃক্ততার কারণে এ কর্তৃপক্ষের ভাবমূর্তি চরমভাবে ক্ষুণ্ন হয়েছে; এবং

৭.০ যেহেতু, আপনার উক্তরূপ কার্যকলাপ বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ-এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৯ (খ) বিধি অনুযায়ী 'অসদাচরণ'-এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ।

৮.০ সেহেতু, উপর্যুক্ত অপরাধে আপনাকে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ-এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৯ (খ) বিধি অনুযায়ী 'অসদাচরণ'-এর অভিযোগে অভিযুক্ত করা হলো। একই বিধিমালার ৫০(১)(খ)(ঙ) বিধি অনুযায়ী কেন আপনার উপর 'চাকরি হতে বরখাস্তকরণ' গুরুদন্ড আরোপ করা হবে না অথবা অন্য কোন উপযুক্ত দন্ড আরোপ করা হবে না, তা উক্ত বিধিমালার ৫৩(১)(খ) বিধি অনুযায়ী এ অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে সরাসরি লিখিতভাবে জানানোর জন্য বলা হলো। আত্মপক্ষ সমর্থনে আপনি সশরীরে ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা পোষণ করেন কিনা তাও নির্ধারিত সময়ের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হলো। যে অভিযোগ বিবরণীর উপর ভিত্তি করে এ অভিযোগনামা প্রণীত হয়েছে তা এসাথে সংযুক্ত করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ১ (এক) পাতা।

মোঃ মাহবুব আলম তালুকদার
সদস্য (প্রশাসন) (অতিরিক্ত সচিব)

৩১-০৮-২০২৩
মোঃ মাহবুব আলম তালুকদার
সদস্য (প্রশাসন) (অতিরিক্ত সচিব)
+৮৮০ ২ ৪১০৯১০০৫ (ফোন)
... (ফ্যাক্স)
madmin@caab.gov.bd

জনাব মোঃ সাহিদ আলম, হিসাবরক্ষক, পদায়ন: পিডিকিউএস এন্ড কিউএস সার্কেল, ঢাকা। সংযুক্তি: বিমানবন্দর ব্যবস্থাপকের দপ্তর, বরিশাল বিমানবন্দর, বরিশাল।

স্মারক নম্বর: ৩০.৩১.০০০০.২২১.৬৬.০০৯.১৭.২২১৭/১ (৯) তারিখ: ১৬ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ
৩১ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সদস্য (অর্থ), সদস্য (অর্থ) এর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ;
২। পরিচালক (প্রশাসন), পরিচালক (প্রশাসন) এর দপ্তর, প্রশাসন বিভাগ, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ;
৩। পরিচালক (অর্থ), পরিচালক (অর্থ) এর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ;
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সিভিল), পিডিকিউ এন্ড কিউএস সার্কেল, প্রধান প্রকৌশলীর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ;
৫। পরিচালক (সিএনএস) (চলতি দায়িত্ব), পরিচালক(সিএনএস) এর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (সিএএবি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৬। পিএস টু চেয়ারম্যান, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ;
৭। বিমানবন্দর ব্যবস্থাপক, বরিশাল বিমানবন্দর, বরিশাল;
৮। প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন ইউনিট-২, সদর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এবং
৯। উচ্চমান সহকারী, প্রশাসন ইউনিট-২, সদর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।

৩১-০৮-২০২৩
মোঃ মাহবুব আলম তালুকদার
সদস্য (প্রশাসন) (অতিরিক্ত সচিব)

মোঃ মাহবুব আলম তালুকদার
সদস্য (প্রশাসন) (অতিরিক্ত সচিব)

প্রতিবেদনের অংশ:

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা
শৃঙ্খলা ও তদন্ত শাখা
www.caab.gov.bd

অভিযোগ বিবরণী

জনাব মোঃ সাহিদ আলম, হিসাবরক্ষক, ই/এম বিভাগ-৩, ঢাকায় কর্মরত থাকাবস্থায় গাজী মোঃ আল-আমিনের প্রাক্তন স্ত্রী মারুফা আক্তার পান্না'র সাথে প্রেমের সম্পর্ক গড়ে তোলেন এবং ফলশ্রুতিতে জনাব গাজী মোঃ আল-আমিন ও মারুফা আক্তার পান্না'র সংসার ভেঙ্গে যায় মর্মে একটি অভিযোগ পাওয়া যায়। জনাব মোঃ সাহিদ আলম-এর বিরুদ্ধে উত্থাপিত অভিযোগের বিষয়টি তদন্তপূর্বক ব্যবস্থা গ্রহণের জন্য জনাব গাজী মোঃ আল-আমিন কর্তৃক অনুরোধ জানানো হয়। গাজী মোঃ আল-আমিন-এর অভিযোগ পত্রের প্রেক্ষিতে হিসাবরক্ষক, জনাব মোঃ সাহিদ আলম এর বিরুদ্ধে উত্থাপিত অভিযোগ বিষয়ে তদন্তের সিদ্ধান্ত হলে জনাব অমিত কুমার ঘোষ, সিনিয়র অফিসার (প্রশাসন)-কে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। অভিযোগসমূহ তদন্তের জন্য অভিযুক্ত, অভিযোগকারী ও কাওলার বসবাসকারী কয়েকজন ব্যক্তির সাক্ষাতকার গ্রহণ করা হয়। বিভিন্ন প্রমাণাদি পর্যালোচনা করে তদন্ত কর্মকর্তার নিকট এই মর্মে প্রতীয়মান হয় যে, জনাব মোঃ আল-আমিন এর স্ত্রী (প্রাক্তন) মারুফা আক্তার পান্না এর সহিত জনাব মোঃ সাহিদ আলম, হিসাবরক্ষক এর প্রেমের ঘটনাটি সত্য। সিভিল এভিয়েশনের একজন কর্মী হিসেবে তাঁর এ ধরণের অনৈতিক কর্মকান্ডে লিপ্ত হওয়ায় কর্তৃপক্ষের ভাবমূর্তি চরমভাবে ক্ষুণ্ন হয়েছে।

২.০ জনাব মোঃ সাহিদ আলম, হিসাবরক্ষক-এর উক্তরূপ কার্যকলাপ বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ-এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৯ (খ) বিধি অনুযায়ী 'অসদাচরণ'-এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ।

মোঃ মাহবুব আলম তালুকদার
সদস্য (প্রশাসন) (অতিরিক্ত সচিব)